



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২০

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৮
১৬ মে ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত
বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে বাংলাদেশ ব্যাংক এর ১৩ এপ্রিল ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এর মাধ্যমে ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত সীমিত পর্যায়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিষয়ে কতিপয় নির্দেশনা জারি করা হয়। পরবর্তীতে ২০ এপ্রিল ২০২১, ২৮ এপ্রিল ২০২১ এবং ০৫ মে ২০২১ তারিখের যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং- ১৬, ১৮ এবং ১৯ এর মাধ্যমে সীমিত পর্যায়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনের সময়সীমা ১৬ মে ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়।

২। মন্ত্রিপরিষদ বিভাগের ১৬ মে ২০২১ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫১ এর প্রেক্ষিতে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ১৭ মে ২০২১ হতে ২৩ মে ২০২১ পর্যন্ত সীমিত পর্যায়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবেঃ

ব্যাংকিং লেনদেন সময়সূচি	লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল
সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:০০ ঘটিকা পর্যন্ত	অপরাহ্ন ৩:৩০ ঘটিকা পর্যন্ত।

৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৩ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এ প্রদত্ত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩